

# সমীরের উপলব্ধি

UKaid from the British people

United Purpose Out of poverty

CGIAR RESEARCH PROGRAM ON Fish

WorldFish



হায় হায়! চিংড়ির এ কী হইছে?


গোপী কৃষি ঘর
গোপীদা, আমার ঘেরের চিংড়ি গাবাচ্ছে, এখন কী করি?
সমীরদা, নতুন একটা ঔষধ আসছে, খুব ভালো। এই নাও, ভালোভাবে পানিতে গুলায়ে ছিটায়ে দিবা


কী কর সমীরদা?
এই ঔষধ কে দিতে বলছে?
আলী ভাই... মাছ মারা যাচ্ছে, তাই ঔষধ দিচ্ছি
মোড়ের দোকানের গোপীদার কাছ থেকে পাইছি


সমীরদা, মাছ ও পানির যেকোনো সমস্যায় সচেতন হতে হবে। না জেনে ঔষধ ব্যবহারে তোমার, পানির, পরিবেশের এবং মাছের স্বাস্থ্য ঝুঁকি বাড়তে পারে


গত সপ্তাহে এসপিএ অফিসে ওয়ার্ল্ডফিশ আয়োজিত একটা ট্রেনিং প্রোগ্রামে জানলাম যে জীবাণুমুক্ত পোনা ও সঠিক মজুদ পূর্ব ব্যবস্থাপনা মাছের বিভিন্ন রোগ ও সমস্যা প্রতিকারের জন্য খুবই জরুরি। আগামীকাল বিভিন্ন রোগ ও মজুদ পরবর্তী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ আছে। তুমি যাবা সমীরদা?
হ্যাঁ, আমি যাব


বউ, আমার হাত, পা কেমন জানি চুলকায় আর খসখসে লাগে। এদিকে কালকে আবার ট্রেনিংয়ে যাব ঠিক করছি। কী করি বল?
বাবা আমি স্কুলে যাচ্ছি
হাতে একটু সরিষার তেল দাও আর বেশি সমস্যা হলে বিকালে ডাক্তারের কাছে যেও


চিংড়ির দাড়ি মোচ কাটা ও সাদা ভাইরাস ঘেরে দেখা দিলে আপনারা কী করেন?
চিংড়ি ও মাছের রোগ নির্ণয় করে মৎস্য এলএসপি অথবা মৎস্য অফিসারের সঙ্গে পরামর্শ করে ঔষধ ব্যবহার করবেন। ঔষধ ব্যবহারের সময় হাতে গ্লাভস ও মুখে মাস্ক দিতে হবে। কারণ এগুলো মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হতে পারে
আমি গোপীদার দোকান থেকে ঔষধ নেই
আমি আলি ভাইয়ের সাথে পরামর্শ করি


তবে সমীরদা রোগবালাই হতে মাছকে রক্ষা করতে হলে জীবাণুমুক্ত পোনা ও সঠিক মজুদ পূর্ব ব্যবস্থাপনাই জরুরি
বুঝলাম, আর ঔষধ ব্যবহারের সময় অবশ্যই সতর্ক হতে হবে। গতকাল হাতে গ্লাভস না পরায় আমার হাতে সমস্যা হইছে

**সম্পাদনা:**
নাজনীন খান, প্রকল্প ব্যবস্থাপক, আইএফএসএল; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ

**সার্বিক সহযোগিতায়:**
কাজী আজাদ-উজ-জামান, সিনিয়র মনিটরিং কর্মকর্তা, আইএফএসএল; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ
আহমেদ জামান, গবেষণা সহকারী, ইমাকুলেট; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ

**অংকন ও সংলাপ:**
কে কিংকর অয়ন

**প্রোডাকশন কো-অর্ডিনেশন ও ব্র্যান্ডিং:**
মোহাম্মদ সোহরাব হোসেন

**প্রকাশকাল:**
মার্চ ২০১৮

**কপিরাইট:**
আইএফএসএল; ওয়ার্ল্ডফিশ, বাংলাদেশ

www.worldfishcenter.org

9 789843 446411

UKaid from the British people

United Purpose Out of poverty

CGIAR RESEARCH PROGRAM ON Fish

WorldFish